

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-৪৫.০২.০০০০.০১১.১৮.০৪৪.২১-

তারিখ :

প্রজ্ঞাপন

১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্মাণ শাখার প্রজ্ঞাপন নং-৪৫.০০.০০০০.১৫৬.০৮.০৭২.২২-৭০৪, তারিখঃ ২৫/১০/২০২২ খ্রিঃ এর মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), সার্কেল-১, ঢাকায় কর্মরত এস্টিমেটর (তড়িৎ) জনাব মোঃ মোজাহারুল ইসলাম-কে ১৬/১০/২০২২ হতে ২৫/১০/২০২২ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০(দশ) দিন নিজের ও স্ত্রীর Infertility চিকিৎসার উদ্দেশ্যে ভারত গমনের জন্য বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি কতিপয় শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়েছে। তিনি উক্ত ছুটি আগামী ১৬/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে ২৫/১১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০(দশ) দিন ভোগসহ দেশ ত্যাগের অনুমতি চেয়ে আবেদন করেছেন। তাঁর আবেদনপত্রটি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুপারিশ সমেত অগ্রায়ন করেছেন। তদানুযায়ী এস্টিমেটর (তড়িৎ) জনাব মোঃ মোজাহারুল ইসলাম-কে উক্ত প্রজ্ঞাপনের শর্তাদি পালন সাপেক্ষে আগামী ১৬/১১/২০২২ খ্রিঃ তারিখ থেকে ছুটি ভোগসহ দেশ ত্যাগের অনুমতি প্রদান করা হলো।

২। এস্টিমেটর (তড়িৎ) জনাব মোঃ মোজাহারুল ইসলাম ছুটিতে থাকাকালীন তাঁর দায়িত্ব এইচইডি ঢাকা সিটি বিভাগে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) জনাব মোঃ ময়েন উদ্দিন নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে পালন করবেন।

স্বাক্ষর

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী।
e-mail : hedhq@yahoo.com

স্মারক নং-৪৫.০২.০০০০.০১১.১৮.০৪৪.২১- ২৯০৫/২ (৫)

তারিখ : ০২/১১/২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বহিঃ গমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। জনাব মোঃ মোজাহারুল ইসলাম এস্টিমেটর (তড়িৎ) এইচইডি, সার্কেল-১, ঢাকা।
তিনি তাঁর দায়িত্বভার এইচইডি, ঢাকা সিটি বিভাগে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) জনাব মোঃ ময়েন উদ্দিন এর নিকট হস্তান্তর পূর্বক কর্মস্থল ত্যাগ করবেন।
- ৫। জনাব মোঃ ময়েন উদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, ঢাকা সিটি বিভাগ।
- ৬। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা/ স্থলবন্দর সমূহ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

- ১। উপসচিব, নির্মাণ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা,
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ, এনডিসি, পিএসসি
প্রধান প্রকৌশলী।